

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৬৯

জিরানীয়া, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

জিরানীয়া কৃষি মহকুমায় ৫০ জনকে ফুলচাষে সহায়তা

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে ২০২৩-২৪ অর্থবছরে মিশন অন ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ হাটিকালচার প্রকল্পে জিরানীয়া মহকুমায় ১ হেক্টর জমিতে গোলাপ ফুল চাষের জন্য ৪ জন ফুলচাষীকে সহায়তা করা হয়। এর ফলে খরচ হয়েছে ৫০ হাজার টাকা। তাছাড়া একই প্রকল্পে মহকুমায় ৪ হেক্টর জমিতে রজনীগন্ধা ও গ্ল্যাডিওলাস ফুল চাষের জন্য ১৫ জন ফুলচাষীকে সহায়তা প্রদান করা হয়। এতে হেক্টর প্রতি খরচ হয়েছে ৭৫ হাজার টাকা। ১০ হেক্টর জমিতে গাঁদা ফুল চাষের জন্য ৩১ জন ফুলচাষীকে সহায়তা প্রদান করা হয়। এতে হেক্টর প্রতি খরচ হয়েছে ২০ হাজার টাকা। জিরানীয়া কৃষি মহকুমা তত্ত্বাবধায়ক সোমেন দাস এই সংবাদ জানিয়েছেন।
